

বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ  
৩য়-শ্রেণি (গণিত) (মানসংক ও বহু নির্বাচনি প্রশ্ন) ১ম পর্ব পরীক্ষা-২০২০

- ১।  $৫০ - \square = ১৫$  হলে ফাঁকা ঘরে কী বসবে ? উঃ ৩৫
- ২। ষোড়শ এর সংক্ষিপ্ত রূপ কোনটি ? উঃ ১৬শ
- ৩। ১০০০ থেকে ৯৯৯ এর পার্থক্য কত ? উঃ ১
- ৪। যোগ বা বিয়োগ শুরু করতে হয় কোন স্থান থেকে ? উঃ একক থেকে
- ৫। গুণের জন্য সর্বনিম্ন কতটি সংখ্যা প্রয়োজন ? উঃ ২টি
- ৬। ৬টি পেনসিলের দাম ৩০ টাকা হলে ৫টি পেনসিলের দাম কত ? উঃ ২৫ টাকা
- ৭। একটি লিচুর দাম ৪ টাকা। ৬০ টাকায় কয়টি লিচু পাওয়া যাবে ? উঃ ১৫টি
- ৮। ৬ টি শতকের যোগফল কত ? উঃ ৬০০
- ৯। ৩ অংকের বৃহত্তম সংখ্যা এবং ১এর যোগফল কত ? উঃ ১০০০
- ১০। হিয়া ও রিয়ার বয়স সমান। হিয়ার বয়স ১২ বছর হলে রিয়ার বয়স কত ? উঃ ১২ বছর
- ১১। একটি বিদ্যালয়ে ১৪৭৬ জন ছাত্র-ছাত্রী আছে। ছাত্রীর সংখ্যা ৯৩০। ছাত্রের সংখ্যা কত ? উঃ ৫৪৬ জন
- ১২। দুইটি সংখ্যার যোগফল ৮৪৩০। এদের একটি ৫২৭৫, অপর সংখ্যাটি কত ? উঃ ৩১৫৫
- ১৩। কোণের কয়টি বাহু থাকে ? উঃ ২টি
- ১৪। ঘনবস্তু উপরিভাগকে কী বলে ? উঃ তল
- ১৫। ভাজ্য ৩৫, ভাগফল ৮, ভাজক ৪ হলে; ভাগশেষ কত ? উঃ ৩
- ১৬। রশ্মির প্রান্তবিন্দু কয়টি ? উঃ ১টি
- ১৭। রেখার প্রান্তবিন্দু কয়টি ? উঃ একটিও না
- ১৮। রেখাংশের প্রান্তবিন্দু কয়টি ? উঃ ২টি
- ১৯। ১ সমকোণ = কত ডিগ্রি ? উঃ  $৯০^\circ$
- ২০। সূক্ষ্মকোণ কত ডিগ্রি ? উঃ  $৯০^\circ$  অপেক্ষা কম
- ২১। স্থূলকোণ কত ডিগ্রি ? উঃ  $৯০^\circ$  অপেক্ষা বেশি
- ২২। ১০০ সংখ্যাটি ৯৯ অপেক্ষা বড়; প্রতিকের সাহায্যে কেমন হবে ? উঃ  $১০০ > ৯৯$
- ২৩। নিঃশেষে বিভাজ্য হলে, ভাগফল নির্ণয়ের সূত্র কী ? উঃ ভাগফল = ভাজ্য  $\div$  ভাজক
- ২৪। নিঃশেষে বিভাজ্য হলে ভাজ্য নির্ণয়ের সূত্র কী ? উঃ ভাজ্য = ভাজক  $\times$  ভাগফল
- ২৫। তিন হাজার এক; অংকে লেখ। উঃ ৩০০১
- ২৬। ৭০৬০ ; কথায় লেখ। উঃ সাত হাজার ষাট
- ২৭। ৩২৭৫ সংখ্যাটিতে ৩ এর স্থানীয় মান কত? উঃ ৩ হাজার
- ২৮। ৯৯৯৯  $\square$  ১০০০০ এ ফাঁকা ঘরে কোন প্রতিক বসবে ? উঃ  $>$
- ২৯। ২৩, ১৪১ ও ৩০২৫ এর যোগফল কত? উঃ ৩১৮৯
- ৩০।  $৫৩০ - ৯০ =$  কত? উঃ ৪৪০
- ৩১। বিয়োগফল + বিয়োজ্য = কী ? উঃ বিয়োজন
- ৩২। বিয়োজন - বিয়োগফল = কী ? উঃ বিয়োজ্য
- ৩৩। বিয়োগফল ২০০, বিয়োজ্য ১০২ হলে; বিয়োজন কত ? উঃ ৩০২
- ৩৪। বিয়োজন ৮৫৩, বিয়োগফল ৪৭৪ হলে; বিয়োজ্য কত ? উঃ ৩৭৯
- ৩৫। মেয়ের বয়স ১১ বছর এবং পিতার বয়স ৪৫ বছর হলে, ১০ বছর পর তাদের মোট বয়স কত হবে ? উঃ ৭৬ বছর
- ৩৬। গুণফল ৯০, গুণ্য ৩০ হলে, গুণক কত ? উঃ ৩
- ৩৭। গুণফল  $\div$  গুণক = কী? উঃ গুণ্য
- ৩৮। ৮ হালি = কত ? উঃ ৩২
- ৩৯। ফাহিম প্রতিদিন ৪ ঘণ্টা পড়ে। ১ সপ্তাহে কত ঘণ্টা পড়ে ? উঃ ২৮ ঘণ্টা
- ৪০। ১০০ পয়সায় ১টাকা হলে ৫ টাকায় কত পয়সা ? উঃ ৫০০ পয়সা
- ৪১। ভাগশেষ সর্বদা ভাগফল অপেক্ষা কী হয় ? উঃ ক্ষুদ্রতর
- ৪২। ভাজক ৫, ভাগফল ৪, ভাগশেষ ২ হলে; ভাজ্য কত ? উঃ ২২
- ৪৩। ভাজ্য ২১, ভাজক ৪, ভাগশেষ ১ হলে; ভাগফল কত ? উঃ ৫
- ৪৪। ভাজ্য ২৩, ভাগফল ৩, ভাগশেষ ২ হলে; ভাজক কত ? উঃ ৭
- ৪৫। ৪৫৬  $\square$  ৪৬৫ এ ফাঁকা ঘরে কোন প্রতিক বসবে ? উঃ  $<$